



# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে মুক্তিযোদ্ধা (সন্তান/নাতি-নাতনি) কোটায় শিক্ষার্থীদের  
ভর্তির সময়সূচী ও নির্দেশিকা

ক্রঃ	বিবরণ	সময়সূচী
১.	মেধা থেকে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ।	১১-০২-২০১৯ এবং ১২-০২-২০১৯ তারিখ
২.	অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ভর্তি নিশ্চিতকরণের জন্য শিক্ষার্থীকে নিম্নোক্ত কাগজপত্র শিক্ষা শাখায় জমা দিতে হবে : (ক) অনলাইনে পূরণকৃত ফরমের প্রিন্ট কপি (খ) এস.এস.সি ও এইচ.এস.সি/সম্মান পরীক্ষার মূল সনদপত্র এবং মার্কশীট/গ্রেডশীট (গ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার/সিভিল সার্জন/রেজিস্টার্ড চিকিৎসক হতে সংগৃহীত সনদপত্র (ঘ) অভিভাবকের মাসিক আয়ের সনদপত্র (ঙ) পিতা/মাতা/দাদা/দাদি/নানা/নানির মুক্তিযোদ্ধা সংক্রান্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মূল সনদপত্র, সরকারী গেজেটের মূল কপি/লাল মুক্তিবর্তা/সবুজ মুক্তিবর্তার মূল কপি, মুক্তিযোদ্ধার নাতি-নাতনিদের ভর্তির ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তা/নির্বাহী ম্যাজিস্ট্রেট-এর নিকট হতে সংগৃহীত সম্পর্কের প্রমাণপত্রের মূল কপি। (চ) ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গিকারনামা (অঙ্গিকারনামার নমুনা কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে)। প্রত্যেকটির ১ (এক) সেট সত্যায়িত কপি প্রিন্টকৃত ভর্তির আবেদন ফরমের সাথে সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি ও অনুষদের ডীন/পরিচালক-এর মাধ্যমে রেজিস্ট্রার অফিসের শিক্ষা শাখায় জমা দিতে হবে।	১৩-০২-২০১৯ তারিখ (সকাল ৮.৩০ থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত)
৩.	অপেক্ষমান থেকে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ।	১৬-০২-২০১৯ এবং ১৭-০২-২০১৯ তারিখ
৪.	অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ভর্তি নিশ্চিতকরণের জন্য ২ ক্রমিকের নির্দেশনা অনুযায়ী কাগজপত্র শিক্ষা শাখায় জমা দিতে হবে।	১৮-০২-২০১৯ তারিখ (সকাল ৮.৩০ থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত)

## নির্দেশিকা :

<p><b>মুক্তিযোদ্ধা (সন্তান/নাতি-নাতনি) কোটায় ভর্তির ক্ষেত্রে :</b></p> <p>ক) ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীকে বিভাগ উন্নয়ন ফি সহ ভর্তির যাবতীয় ফি ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট থেকে অথবা এজেন্টের রকেট একাউন্ট থেকে ভর্তি সম্পর্কিত <b>Biller ID 343</b> তে জমা দিতে হবে।</p> <p>খ) এরপর <a href="http://ju-admission.org">ju-admission.org</a> ওয়েবসাইট থেকে ভর্তি পরীক্ষার রোল নম্বর ও এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন নম্বর দিয়ে লগইন করে "অনলাইন আবেদন" মেনুতে ক্লিক করে উপরে প্রাপ্ত Transaction ID টি প্রদান করলে এবং Transaction ID সঠিক হলে অনলাইন আবেদন ফরম আসবে।</p> <p>গ) অনলাইন আবেদন ফরমের আনুষঙ্গিক তথ্যসমূহ সঠিকভাবে পূরণ করতে হবে এবং এস.এস.সি.ও এইচ.এস.সি/সম্মান এর সত্যায়িত সনদপত্র/নম্বরপত্র, অভিভাবকের মাসিক আয়ের সনদপত্র, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার/সিভিল সার্জন/রেজিস্টার্ড চিকিৎসক হতে সংগৃহীত মেডিক্যাল সনদপত্র (সকল সনদপত্র <b>PDF/JPG</b> ফরম্যাটে এবং ফাইল সাইজ <b>৮০০ KB</b> এর বেশী নয়) স্ক্যান করে আপলোড করে <b>Submit</b> করতে হবে।</p> <p>ঘ) এরপর আবেদনটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যাচাই-বাছাই করবে এবং সকল তথ্য সঠিক থাকলে পরবর্তীতে আবেদনকারীর মোবাইলে এসএমএস-এর মাধ্যমে আবেদন ফরম ডাউনলোড করতে বলা হবে।</p> <p><b>পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড :</b></p> <p>ঙ) ফরম ডাউনলোড করার এসএমএস পাবার পর <a href="http://ju-admission.org">ju-admission.org</a> ওয়েবসাইট থেকে ভর্তি পরীক্ষার রোল নম্বর ও এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন নম্বর দিয়ে লগইন করে "আবেদন ফরম ডাউনলোড" মেনুতে ক্লিক করে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড/প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।</p>
<p><b>DBBL মোবাইল ব্যাংকিং রকেট-এর মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া নিম্নরূপঃ</b></p> <p>i) ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্টের মূল মেনুতে প্রবেশের জন্য *৩২২# ডায়াল করতে হবে।</p> <p>ii) Bill Pay সিলেক্ট করতে হবে। তারপর Self সিলেক্ট করতে হবে।</p> <p>iii) অতঃপর Other সিলেক্ট করতে হবে।</p> <p>iv) Biller ID হিসেবে <b>343</b> টাইপ করতে হবে।</p> <p>v) Bill Number হিসেবে আবেদনকারীর ভর্তি পরীক্ষার রোল নম্বর টাইপ করতে হবে।</p> <p>vi) Amount হিসেবে সংশ্লিষ্ট ইউনিট নিবন্ধন ফি টাইপ করতে হবে।</p> <p>vii) এবার <b>রকেট</b> মোবাইল ব্যাংকিং পিন টাইপ করতে হবে।</p> <p>viii) পেমেন্ট প্রক্রিয়া শেষ হলে আবেদনকারীর বা এজেন্টের মোবাইলে ফিরতি SMS এর মাধ্যমে একটি Transaction ID (Trx id) আসবে। ঐ Transaction ID টি সযত্নে সংরক্ষণ করতে হবে।</p>

ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি সম্পর্কিত ওয়েবসাইটে ([www.ju-admission.org](http://www.ju-admission.org)) প্রচার করা হবে।

এই বিজ্ঞপ্তিতে কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে পরবর্তীতে কর্তৃপক্ষ তা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষর/-মোঃ আবু হাসান

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)

এবং

সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি

# অঙ্গিকারনামা

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, আমি .....

পিতা- জনাব .....

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে মুক্তিযোদ্ধা (সন্তান/নাতি-  
নাতনি) কোটায় ..... বিভাগে ভর্তি হওয়ার সুযোগ পেয়েছি।

মুক্তিযোদ্ধার সনদপত্র যাচাই-বাছাইয়ের পর যদি ভূয়া বা জাল প্রমাণিত হয় তা হলে আমার ভর্তি বাতিল করলে  
আমার কোনো আপত্তি থাকবে না এবং বিশ্ববিদ্যালয় আইনানুগ প্রক্রিয়ায় যে ব্যবস্থা গ্রহণ করবে তাই আমি মানতে  
বাধ্য থাকবো।

ছাত্র-ছাত্রীর নাম :

পিতার নাম :

মুক্তিযোদ্ধার নাম :

মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক :

বিভাগের নাম :

পরীক্ষার রোল নম্বর :

মোবাইল নম্বর :